চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ
চউক ভবন, চট্টগ্রাম।
www.cda.gov.bd

বিষয়: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কার্যাবলী সম্পর্কিত প্রতিবেদন পুস্তক আকারে প্রকাশের নিমিত্ত তথ্য/প্রতিবেদন প্রেরণ।
সূত্র: স্মারক নং-২৫.০০.০০০০.০১৫.৯৯.০২৫.১২.১৫(অংশ-৫)৫২৭ তারিখ-১০/০৮/২০২২।

**১. রুপকল্প:**
পরিকল্পিত, টেকসই ও জনবান্ধব চট্টগ্রাম মহানগরী বাস্তবায়ন।

**২. অভিলক্ষ্য:**
নগরবাসীর ক্রমবর্ধমান চাহিদার আলোকে ও পরিকল্পিত নগরায়ণের লক্ষ্যে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের আওতাধীন এলাকায় অবকাঠামোগত উন্নয়ন, পরিকল্পিত নির্মাণ অনুমোদন ও নিয়ন্ত্রণের মাধ্যমে নগরবাসীর জন্য একটি টেকসই, জনবান্ধব ও বাসযোগ্য চট্টগ্রাম মহানগরী বাস্তবায়ন।

**৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচী :**
চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চলমান ৭টি জিওবি প্রকল্পের অনুকূলে ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে মোট ১৭১৬.০০ কোটি টাকা বরাদ্দ ছিল। পরবর্তীতে উপযোজনের পর ২০২০-২০২১ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে উক্ত ৭টি জিওবি প্রকল্পের অনুকূলে মোট ২২৮৬.৫৭ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।
বিগত ২০২১-২০২২ অর্থ বছরে চলমান ৭টি জিওবি প্রকল্পের অনুকূলে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে মোট ১৪০৪.০৬ কোটি টাকা বরাদ্দ ছিল। পরবর্তীতে উপযোজনের পর ২০২১-২০২২ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে উক্ত ৭টি জিওবি প্রকল্পের অনুকূলে মোট ১৭৬৩.৪৯ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।

বর্তমান ২০২২-২০২৩ অর্থ বছরে চলমান ৭টি জিওবি প্রকল্পের অনুকূলে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে মোট ১৪৭৭.৬০ কোটি টাকা বরাদ্দ রয়েছে।

**৪. ২০২০-২০২১ অর্থ বছরে অর্জন :**
- ২০২০-২১ অর্থবছরে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের জিওবি অর্থায়নে চলমান ৭টি প্রকল্প ও নিজস্ব অর্থায়নে চলমান ৪টি প্রকল্প। জিওবি অর্থায়নে চলমান ৭টি প্রকল্পের অনুকূলে ২০২০-২১ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দকৃত মোট ২২৮৬.৫৭ কোটি টাকার বিপরীতে প্রকৃত প্রাপ্ত অর্থ ১৯৬৮.৫২৩৮ কোটি টাকা। জিওবি অর্থায়নে চলমান ৭টি প্রকল্পের অনুকূলে ২০২০-২১ অর্থবছরে প্রকৃত প্রাপ্ত অর্থের বিপরীতে অর্জিত সার্বিক আর্থিক অগ্রগতি ৯৯.৯৯% ও ভৌত অগ্রগতি ১০০%। নিজস্ব অর্থায়নে চলমান ৪টি প্রকল্পের অনুকূলে ২০২০-২১ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে বরাদ্দকৃত মোট ৩০.০০ কোটি টাকার বিপরীতে অর্জিত সার্বিক আর্থিক অগ্রগতি ১১০.৪৮% ও ভৌত অগ্রগতি ১০০%।
- সোনালী ব্যাংক লিঃ এর সঙ্গে চউক এর চুক্তি স্বাক্ষর।
- বিডা এর সঙ্গে চউক এর ভূমি ব্যবহার ছাড়পত্র ও নির্মাণ অনুমোদন সংক্রান্ত অনলাইন সেবাসমূহের ইন্টিগ্রেশন।
- চউক চেয়ারম্যান মহোদয়ের গৃহায়ণ ও গণপুর্ত মন্ত্রণালয় হতে জাতীয় শুদ্ধাচার পুরষ্কার গ্রহণ।

**৫. ২০২০-২০২১ অর্থ বছরে অন্যান্য কার্যক্রম**
১. স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে উন্নয়ন মেলায় চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের অংশগ্রহণ (৩১/০৩/২০২১)
২. চট্টগ্রামের পতেঙ্গা সী-বীচে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ) আয়োজিত সিটি আউটার রিং রোডে সাইকেল লেইন এর উদ্বোধনী অনুষ্ঠান
৩. চউক চেয়ারম্যান মহোদয় জলবদ্ধতা প্রকল্প কাজের বিভিন্ন সাইট পরিদর্শন (০৮/০৩/২০২১)
৪. চউক কল সেন্টার -১৬১১২ এর শুভ উদ্বোধন।

**৬. ভবিষ্যৎ কর্মপরিকল্পনা :**
চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা হিসেবে নিম্নলিখিত প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত ফিজিবিলিটি ষ্টাডি প্রণয়নপূর্বক ডিপিপি প্রস্তুতকরণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে:
(ক) জিওবি অর্থায়নে বাস্তবায়িতব্য প্রকল্প :
১। চিটাগাং সিটি আউটার রিং রোড (২য় পর্যায়)।
২। নর্থ সাউথ-১ ও নর্থ সাউথ-২ সংযোগ সড়ক নির্মাণ।
৩। চট্টগ্রাম মহানগরের মধ্যে স্থিত বঙ্গবন্ধু এভিনিউসহ গুরুত্বপূর্ণ ০৮ (আট)টি অভ্যন্তরীণ সড়কসমূহের সম্প্রসারণ ও উন্নয়নের গুচ্ছ প্রকল্প (চট্টগ্রাম মহানগরের অভ্যন্তরীন রোড সম্প্রসারণ ও উন্নয়নের গুচ্ছ প্রকল্প) ।
৪। ঢাকা ট্রাংক রোড হতে হাটহাজারী পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ।
৫। এশিয়ান উইমেন ইউনিভার্সিটি হতে সিলিমপুর আ/এ পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ।

(খ) নিজস্ব অর্থায়নে বাস্তবায়িতব্য প্রকল্প :

১। বায়েজিদ হাউজিং প্রকল্পের উন্নয়ন (লুপ রোড সংলগ্ন)
২। ডেভেলপমেন্ট অব ফতেয়াবাদ নিউটাউনশীপ ইন চট্টগ্রাম।
৩। সী সাইড বে-ভিউ স্মার্ট সিটি ইন চট্টগ্রাম।
৪। বহদ্দারহাট বাস টার্মিনাল শাহ আমানত ব্রীজ এলাকায় স্থানান্তর ও কন্ডোমিনিয়াম প্রকল্প।
৫। নীলিমা-এ সেটেলাইট টাউনশীপ বিসাইড এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন, জালালাবাদ।
৬। আগ্রাবাদ আবাসিক এলাকার উন্নয়ন (২য় পর্যায়)।
৭। রিং রোড সংলগ্ন হালিশহর কর্মাশিয়াল এরিয়ার উন্নয়ন।
৮। লুপ রোড সংলগ্ন বায়েজিদ আবাসিক এলাকা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)।
৯। চট্টগ্রামস্থ পতেঙ্গায় সমুদ্র সৈকত সংলগ্ন বে-পার্ল নির্মাণ প্রকল্প।

৭. **বিগত ১ বছরের সাফল্য :**

চট্টগ্রাম মহানগরীকে সামুদ্রিক জলোচ্ছাস থেকে রক্ষা করার জন্য শহর রক্ষাকারী বাঁধ হিসেবে পতেঙ্গা সী-বিচ থেকে ফৌজদারহাট পর্যন্ত ১৫.২০ কি.মি. দীর্ঘ চট্টগ্রাম সিটি আউটার রিং রোড ও ফৌজদারহাট থেকে বায়েজিদ পর্যন্ত ৬.০০ কি.মি. দীর্ঘ লুপ রোড নির্মাণ কাজ সমাপ্ত করে যান চলাচলের জন্য উম্মুক্ত করে দেয়া হয়েছে। সিরাজউদ্দৌলা রোড হতে শাহ আমানত ব্রীজ পর্যন্ত (বাকলিয়া এক্সেস) ১.৫ কি.মি. সংযোগ সড়ক নির্মাণ কাজ সমাপ্তির পর্যায়ে রয়েছে। **"চট্টগ্রাম শহরের লালখান বাজার হতে শাহ্ আমানত বিমানবন্দর পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ"** প্রকল্পের লালখান বাজার হতে শাহ্ আমানত বিমানবন্দর পর্যন্ত মোট ১৬ কি.মি. দৈর্ঘ্যের ফ্লাইওভারের মধ্যে সল্টগোলা থেকে সী-বিচ পর্যন্ত ৮কি.মি অংশে এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। প্রকল্পের সার্বিক অগ্রগতি ৭৭%। চট্টগ্রাম মহানগরীর যানজট সমস্যা নিরসনে "কর্ণফুলী নদীর তীর বরাবর কালুরঘাট সেতু হতে চাক্তাই খাল পর্যন্ত সড়ক নির্মাণ" প্রকল্পের আওতায় কর্ণফুলী নদীর তীর বরাবর কালুরঘাট সেতু হতে চাক্তাই খাল পর্যন্ত ৮.৫০০ কি.মি.সড়ক কাম বাঁধ নির্মাণকাজ দ্রুতগতিতে এগিয়ে চলছে, যার সার্বিক অগ্রগতি ৬৬%। উল্লেখ্য, চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনে উক্ত প্রকল্পের আওতায় নির্মিতব্য ১২টি রেগুলেটরের মধ্যে ৯টি রেগুলেটরের স্ট্রাকচারাল কাজ সম্পন্ন হয়েছে। এছাড়াও চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে বাস্তবায়নাধীন "চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে খাল পুন:খনন, সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতায় ৩৬টি খালের ময়লা ও বর্জ্য অপসারণ করা হয়েছে । ৩৬ টি খালের মধ্যে ১১ টি খালের যাবতীয় কাজ সম্পন্ন হয়েছে এবং প্রকল্পের আওতায় নির্মিতব্য ১২টি রেগুলেটরের মধ্যে ৯টি রেগুলেটরের স্ট্রাকচারাল কাজ সম্পন্ন হয়েছে। চউক ও সেনাবাহিনীর সহযোগিতায় ৩৬টি খালে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করে এই পর্যন্ত ৩১৮৭ টি অবৈধ স্থাপনা অপসারণ করা হয়েছে। প্রকল্পের সার্বিক অগ্রগতি ৭৭%। চউক এর নিজস্ব অর্থায়নে বাস্তবায়নাধীন **"কন্সট্রাকশন অব সিডিএ স্কয়ার এট নাসিরাবাদ, চিটাগাং"** প্রকল্পের আওতায় নির্মিতব্য ১৬৫ টি ফ্ল্যাটের মধ্যে ১৫৪টি ফ্ল্যাট ইতোমধ্যে বরাদ্দ প্রদান করা হয়েছে এবং অবশিষ্ট ১১টি ফ্ল্যাট বরাদ্দের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।প্রকল্পের সার্বিক অগ্রগতি ৬৯%। **"কনস্ট্রাকশন অফ ১০ স্টোরিড এ্যাপার্টমেন্ট কমপ্লেক্স এট দেওয়ানহাট, চিটাগং"** প্রকল্পের আওতায় নির্মিতব্য ৪৫টি ফ্ল্যাটের মধ্যে ৩টি ফ্ল্যাট ইতোমধ্যে বরাদ্দ প্রদান করা হয়েছে এবং অবশিষ্ট ৪২টি ফ্ল্যাট বরাদ্দের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। প্রকল্পের সার্বিক অগ্রগতি ৯২%।

৮. **উন্নয়ন প্রকল্প /চলমান প্রকল্প/প্রস্তাবিত ও বাস্তবায়িত প্রকল্পের হালনাগাদ তথ্যঃ**

চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চলমান উন্নয়ন প্রকল্পসমূহের হালনাগাদ তথ্য নিম্নোক্ত ছকে প্রদান করা হয়েছে :

**(লক্ষ টাকায় )**

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বাস্তবায়নকাল | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | মূল কার্যক্রম | মন্তব্য/বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| **জিওবি অর্থায়নে চলমান প্রকল্পসমূহ:** | | | | | |
| ১ | চিটাগাং সিটি আউটার রিং রোড। | জানুয়ারি ২০১১ হতে ডিসেম্বর ২০২২ | ২৬৭৫৯৬.০০ (জিওবি ২০৩২৪০.৯২ জাইকা ৬৪৩৫৫.০৮) | চট্টগ্রাম মহানগর রক্ষাকারী বিদ্যমান উপকূলীয় বাঁধের উপর ৪ লেইন বিশিষ্ট ১৫.২০ কিঃ মিঃ দীর্ঘ সড়ক নির্মাণ, বাঁধের বিদ্যমান উচ্চতা ২০-২৩ ফুট হতে ৩০-৩৩ ফুট পর্যন্ত বৃদ্ধিকরণ ও ২.১৫ কিঃ মিঃ (ফিডার রোড ১- ১.২০ কিলোমিটার ও ফিডার রোড ৩- ০.৯৫ কিঃমিঃ ফ্লাইওভার নির্মাণ) দীর্ঘ ও ৬০ ফুট প্রশস্থ বিশিষ্ট ২ টি ফিডার রোড নির্মাণ, ৩টি ইন্টার চেইঞ্জ ব্রীজ নির্মাণ, ৯টি রাউন্ড অ্যাবাউট নির্মাণ, 5.500 কিঃমিঃ Wave Deflected | • বর্তমানে ঠিকাদার কর্তৃক কোস্টাল/রিং রোডের ১৫.২০ কি.মি. রোডের পেভমেন্ট নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে এবং ইতোমধ্যে মূল সড়কটি যানচলাচলের জন্য উন্মুক্ত করা হয়েছে। এছাড়া সাগরিকা ক্রিকেট স্টেডিয়াম সংলগ্ন রিং রোড সংযোগ সড়কে নির্মিতব্য ফ্লাইওভারের ৯৭.৫% সাবষ্ট্রাকচার এবং ৭৮.২% সুপার ষ্ট্রাকচার নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া ফিডার রোড-০১ এর নির্মাণ কাজ চলমান রয়েছে।<br>• প্রকল্পের কাজে নিয়োজিত ঠিকাদারের ভেরিয়েশন প্রস্তাবটি সরকারি ক্রয় সংক্রান্ত কমিটি কর্তৃক অনুমোদিত হয়েছে।<br>• রিং রোড প্রকল্পের সাথে সিইপিজেড এর সংযোগ সড়ক নির্মাণের লক্ষ্যে ঠিকাদার নিয়োগের ক্রয় |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বাস্তবায়নকাল | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | মূল কার্যক্রম | মন্তব্য/বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| | | | | Wall নির্মাণ, C.C. Block নির্মাণ। | সংক্রান্ত প্রস্তাবটি অনুমোদিত হয়েছে এবং ঠিকাদারকে NOA প্রদান করা হয়েছে।<br>• "কর্ণফুলী নদীর তলদেশে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান টানেল নির্মাণ প্রকল্প", "চট্টগ্রাম সিটি আউটার রিং রোড প্রকল্প" এবং "চট্টগ্রাম শহরের লালখান বাজার হতে শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ের নির্মাণ" প্রকল্পের মিলিত স্থলে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের নির্দেশক্রমে জংশন উন্নয়ন ব্যয় অন্তর্ভূক্ত করে প্রকল্পের চতুর্থ সংশোধিত ডিপিপির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উক্ত প্রস্তাবের উপর গত ০১/০৬/২০২২ তারিখে ব্যয় যৌক্তিকরণ সভা অনুষ্ঠিত হয় এবং ব্যয় যৌক্তিকরণ সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠন করে অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>• **প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৯৪.২৬% ও ভৌত অগ্রগতি** ৯৫.৩০% |
| ২ | এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন এর বহি:সীমানা দিয়ে লুপ রোড নির্মাণসহ ঢাকা ট্রাংক রোড হতে বায়েজিদ বোস্তামী রোড পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ। | অক্টোবর'২০১৩ হতে জুন ২০২৩ | ৩৫৩০৪.৩১ (জিওবি ৩২০০৩.৭৮ নিজস্ব অর্থায়ন ৩৩০০.৫৩) ২য় সংশোধিত | ৬ কি:মি ৪ লেনবিশিষ্ট রাস্তা নির্মাণ, ৩৬৮৫ বর্গমিটার ১টি রেল ওভার ব্রীজ, ৫টি সিঙ্গেল স্প্যান ব্রীজ (২৭৩৬ বর্গমিটার) নির্মাণ, ২০০ রানিং মিটার রিটেইনিং ওয়াল, ৪টি কালভার্ট নির্মাণ ও ৭টি কালভার্ট প্রতিস্থাপন, ৬৮৩০ রানিং মিটার ড্রেন নির্মাণ। | • প্রকল্পের আওতায় ০৮ টি কালভার্ট নির্মাণ, ৬টি ব্রীজ নির্মাণ, ১০০০০ মি: ড্রেন নির্মাণ এবং ৫.৫০ কি: মি: পেভমেন্ট নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। এছাড়া ১ টি রেলওভারপাস নির্মাণ কাজ চলমান রয়েছে।<br>• পাহাড় কর্তনের বিষয়ে সরকারি অনুমোদন ও পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র থাকার পরও চউক'কে ১০ কোটি টাকা ক্ষতিপূরণের আদেশ দেওয়া হয়। উক্ত আদেশের বিরুদ্ধে আপিল করা হয়েছে ।<br>• প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২৭/০৭/২০২২ তারিখে অনুমোদিত হয়। বর্তমানে বর্ধিত কাজসমূহ সম্পাদনের জন্য দরপত্র আহবান করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।<br>• **প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭৭.৯২% ও ভৌত অগ্রগতি** ৯৪%। |
| ৩ | সিরাজউদ্দৌলা রোড হতে শাহ আমানত ব্রীজ পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ। | জুলাই ২০১৬ হতে জুন ২০২৩ | ২২০৭১.৮১ (২য় সংশোধিত) | চট্টগ্রাম শহরের অন্যতম সড়ক সিরাজউদ্দৌলা রোড হতে এশিয়ান হাইওয়ে খ্যাত শাহ আমানত সেতু সংযোগ সড়কের সাথে একটি সংযোগ সড়ক তৈরীর লক্ষ্যে ১.৫ কিলোমিটার দীর্ঘ ও ১৮.৩০ মিটার প্রস্থ বিশিষ্ট রাস্তা নির্মাণ। | • আলোচ্য প্রকল্পের আওতায় ১.২ কি.মি. রাস্তা নির্মাণ, ড্রেন নির্মাণ এবং ব্রীজ সমূহের নির্মাণ কাজ শেষ হয়েছে। অবশিষ্ট ৩০০ মি. রাস্তার পরিবর্তিত এ্যালাইনমেন্টসহ প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি বিগত ১৭/০৪/২০২২ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। সংশোধিত ডিপিপি অনুযায়ী অবশিষ্ট কাজ চলমান রয়েছে।<br>• **প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৬৮.৩৯% ও ভৌত অগ্রগতি ৯০%**। |
| ৪ | কর্ণফুলী নদীর তীর বরাবর কালুরঘাট সেতু হতে চাক্তাই | জুলাই ২০১৭ হতে জুন ২০২২ প্রস্তাবিত ২য় | ২৩১০২৪.২০ | ৮.৫০০ কিঃমিঃ দীর্ঘ, বর্তমান আর.এল ৪.০০ মিটার হতে ৯.৪০ মিটার (কম/বেশী) উচ্চতা বিশিষ্ট ও ২৪.৫০ মিটার প্রস্থ বিশিষ্ট | • চউক কর্তৃক জমি ক্রয়ের মাধ্যমে ক্ষতিগ্রস্থ জমি মালিকদের ক্ষতিপূরণ প্রদান চলমান রয়েছে। বর্তমানে ১০টি রেগুলেটর/স্লুইস গেইট এবং বাঁধের মাটি ভরাটের কাজ চলমান আছে। |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বাস্তবায়নকাল | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | মূল কার্যক্রম | মন্তব্য/বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| | খাল পর্যন্ত সড়ক নির্মাণ। | সংশোধিত অক্টোবর'২০১৩ হতে জুন ২০২৩ | | শহর রক্ষাকারী বাঁধ কাম রাস্তা নির্মাণ, ভূমি অধিগ্রহণ (রোড) -৬৯.৫০ হেক্টর, রেগুলেটর নির্মাণ-১২টি, পাম্প হাউস নির্মাণ-১২টি, পানির পাম্প সরবরাহ এবং স্থাপন- ১২টি (১ ঘন মিটার প্রতিটি), জেনারেটর সরবরাহকরণ এবং স্থাপন-১২টি, স্লোপ প্রোটেকশান (C.C. Block)-২১২৫০০ বর্গমিটার। | • প্রকল্পের প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপির উপর গত ১০/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে, যা বর্তমানে অনুমোদনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।<br>• **প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫০.০৪% ও ভৌত অগ্রগতি ৬৬%।** |
| ৫ | চট্টগ্রাম শহরের লালখান বাজার হতে শাহ্ আমানত বিমানবন্দর পর্যন্ত এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ। | জুলাই, ২০১৭-জুন, ২০২২ প্রস্তাবিত ১ম সংশোধিত জুলাই-২০১৭ হতে জুন-২০২৪ পর্যন্ত | ৩২৫০৮৩.৯৪ | চট্টগ্রাম শহরের শিল্পাঞ্চল (ফৌজদারহাট শিল্পাঞ্চল, নাসিরাবাদ শিল্পাঞ্চল ও কালুরঘাট শিল্পাঞ্চল) ও দক্ষিণ চট্টগ্রামের সাথে চট্টগ্রাম বন্দরের সরাসরি যোগাযোগ স্থাপনের লক্ষ্যে চট্টগ্রাম শহরের লালখান বাজার হতে শাহ্ আমানত বিমানবন্দর পর্যন্ত ১৬.৫০ কি: মি: দৈর্ঘ্য ও ১৬.৫ মিটার প্রস্থ বিশিষ্ট ফ্লাইওভার নির্মাণ। | • প্রকল্পের লালখান বাজার হতে শাহ্ আমানত বিমানবন্দর পর্যন্ত মোট ১৬ কি.মি. দৈর্ঘ্যের ফ্লাইওভারের মধ্যে সল্টগোলা থেকে সী-বিচ পর্যন্ত ৮কি.মি অংশে এলিভেটেড এক্সপ্রেসওয়ে নির্মাণ কাজ শেষ পর্যায়ে। সল্টগোলা থেকে লালখানবাজার পর্যন্ত অবশিষ্ট ৮কি.মি দৈর্ঘ্যের ফ্লাইওভারের নির্মাণ কাজ চলমান আছে। কিন্তু উক্ত অংশের কিছু জায়গায় চট্টগ্রাম ওয়াসার ভূ-গর্ভস্থ পানির পাইপ লাইনসমূহ স্থানান্তরের কাজ এবং বাংলাদেশ রেলওয়ে হতে সম্মতি প্রাপ্তির বিষয়টি বিলম্বিত হওয়ায় প্রায় ২ কি.মি.অংশে ফ্লাইওভারের নির্মাণ কাজ শুর করা যাচ্ছে না।<br>• প্রকল্পের প্রস্তাবিত ১ম সংশোধিত ডিপিপির উপর গত ১০/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের অর্থায়নের বিষয়ে অর্থবিভাগ থেকে সম্মতি পাওয়া গেছে। তদানুযায়ী ১ম সংশোধিত ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। পরবর্তীতে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগে নিয়োজিত কর্মকর্তাদের সাথে আলাপক্রমে প্রকল্পের ব্যয় হ্রাস করার প্রয়োজনীয়তা দেখা দিলে, পুনরায় ১ম সংশোধিত ডিপিপি'টি পুনর্গঠন করে স্মারক নং: ২৫.৪৭.১৫০০.০৪৬.১৪.০৪৬.২২/৭৯০ ,তারিখ: ২৬/০৬/২০২২ মূলে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয় হতে উক্ত পুনর্গঠিত ডিপিপি স্মারক নং-২৫.০৩০.০১৪.০১.০০.০০৭.২০১৩(অংশ-২)/১৭৯, তারিখ-০৬/০৭/২০২২ মূলে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।<br>• **প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৭১.১৩% ও ভৌত অগ্রগতি ৭৫% ।** |
| ৬ | চট্টগ্রাম শহরের জলাবদ্ধতা নিরসনকল্পে খাল পুন: খনন, সম্প্রসারণ, সংস্কার ও উন্নয়ন। | জুলাই ২০১৭ হতে জুন ২০২২ প্রস্তাবিত ১ম সংশোধিত: (জুলাই, ২০১৭- | ৫৬১৬৪৯.৯০ | চট্টগ্রাম শহররে জলাবদ্ধতা নিরসনকল্পে প্রাথমিক পর্যায়ের আওতায় কর্ণফুলীর নদীর সাথে সংযোগযুক্ত ১৬ টি খাল এবং এসব খালে সংযুক্ত আরো ২০টি খাল সহ মোট ৩৬টি খালের পরিকল্পিত পুন:খনন, সম্প্রসারণ | • প্রকল্পের আওতায় ৩৬ টি খালে প্রাথমিকভাবে খালের ময়লা কাঁদা ও মাটি অপসারণ করা হয়েছে। ৩৬টি খালে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করা হয়েছে এবং ইতিমধ্যে ৩১৭৯ টি অবৈধ স্থাপনা অপসারণ করা হয়েছে।<br>• ২৮ টি খালের পাড়ে রিটেইনিং ওয়াল নির্মাণ কাজ চলমান এবং ইতিমধ্যে প্রায় ৯০ কি.মি. |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বাস্তবায়নকাল | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | মূল কার্যক্রম | মন্তব্য/বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| | | ডিসেম্বর, ২০২৩) | | ও উন্নয়ন করা হবে। খালের প্রশস্থতা রক্ষা করার জন্য গুরুত্বপূর্ণ খাল সমূহের পাড় ঘেষে ৮৫.৬৮ কি.মি. সড়ক নির্মাণ করা হবে, যা খাল পরিস্কারের কাজে ভূমিকা রাখা ছাড়াও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। প্রকল্পের আওতায় খালের ফ্রি-ওয়াটার বোর্ড নিশ্চিত করার জন্য ৪৮ টি পিসি গার্ডার ব্রীজ ও ৬ টি কালভার্ট নির্মাণ করা হবে। এছাড়া ৫টি টাইডাল রেগুলেটর, ৪২টি সিল্টট্রাপ ও ৩টি বন্যা সংরক্ষণ জলাধার নির্মাণ করা হবে। | রিটেইনিং ওয়াল নির্মাণ সম্পন্ন করা হয়েছে এবং ২০ কি.মি. রিটেইনিং ওয়াল নির্মাণ কাজ চলমান। রিটেইনিং ওয়াল নির্মাণ কাজের সার্বিক অগ্রগতি ৬২%।<br>• প্রকল্পের আওতায় ৫৪ টি ব্রীজ/কালভার্ট এর মধ্যে ৫৪ টির নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এর মধ্যে অধিকাংশ যান চলাচলের জন্য উন্মুক্ত করা হয়েছে। অল্প কয়েকটির এপ্রোচ নির্মাণ কাজ চলমান। ব্রীজ/কালভার্ট নির্মাণ কাজের সার্বিক অগ্রগতি ৯৮%।<br>• প্রকল্পের অন্যতম গুরুত্বপূর্ণ অংগ মহেশ খালসহ ৫টি রেগুলেটর নির্মাণ কাজ প্রায় শেষের দিকে। কেবলমাত্র গেইট ও পাম্প স্থাপনের কাজ বাকি রয়েছে। সার্বিক অগ্রগতি ৯০%।<br>• পানি সরবরাহ বাঁধা মুক্ত করার জন্য ১০.০৭ কি.মি. নতুন ড্রেইন নির্মাণ করা হয়েছে। সার্বিক অগ্রগতি ১০০%। ১৫.৫ কি.মি. রোড সাইড ড্রেইন নির্মাণ করা হয়েছে। সার্বিক অগ্রগতি ১০০%। ৪২ টি সিল্ট ট্র্যাপের মধ্যে ১৭টির নির্মাণ কাজ চলমান। ভূমি অধিগ্রহণ সম্পন্ন না হওয়ায় অবশিষ্ট সিল্ট ট্র্যাপ সমূহের কাজ শুরু করা যাচ্ছে না। খালের পাড়ে ৫ কি.মি. রাস্তা নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং ৮ কি.মি. রাস্তার কাজ চলমান। ভূমি অধিগ্রহণ সম্পন্ন না হওয়ায় অবশিষ্ট রাস্তার কাজ শুরু করা যাচ্ছে না।<br>• ২১ টি খালের জন্য ৭টি ভূমি অধিগ্রহণ প্রস্তাব জেলা প্রশাসক, চট্টগ্রামের দপ্তরে জমা করা হয়। জেলা প্রশাসকের দপ্তর হতে পরীক্ষা-নিরীক্ষা পূর্বক দাখিলকৃত অধিগ্রহণ প্রস্তাবে কিছু সংশোধনী প্রদান করা হয়। এর আলোকে ১১টি খালের ৪টি ভূমি অধিগ্রহণ প্রস্তাব সংশোধন পূর্বক জেলা প্রশাসকের দপ্তরে পুনঃদাখিল করা হয়েছে। অবশিষ্ট ভূমি অধিগ্রহণ প্রস্তাবসমূহের সংশোধন কাজ চলমান রয়েছে।<br>• **প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৪৮.৭৭% ও ভৌত অগ্রগতি ৭৭%।** |
| ৭ | প্রিপারেশন অফ চট্টগ্রাম মেট্রোপলিটন মাষ্টার প্ল্যান (২০২০-২০৪১)। | ফেব্রুয়ারি,২০২০ হতে এপ্রিল,২০২২ প্রস্তাবিত সংশোধিত: (ফেব্রুয়ারি,২০২০-জুন, ২০২৪) | ৩৩৩২.৮৮ | চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ এর আওতাধীন এলাকার উন্নয়ন ও নিয়ন্ত্রনের জন্য মাস্টার প্ল্যান প্রণয়ন। | • বিগত ১৬/০৬/২০২২ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মননীয় শিক্ষা উপমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী নওফেল, এমপি, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সম্মানিত মেয়র জনাব রেজাউল করিম চৌধুরী, চট্টগ্রাম-১১ আসনের সম্মানিত সংসদ সদস্য জনাব এম. আবদুল লতিফ , এমপি, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় অতিরিক্ত সচিব জনাব কাজী ওয়াছি উদ্দীন, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সম্মানিত চেয়ারম্যান রিয়ার এডমিরাল এম শাহজাহান সহ চট্টগ্রামের বিভিন্ন কার্যনির্বাহী প্রতিষ্ঠানের সম্মানিত অতিথিদের উপস্থিতিতে চলমান মাষ্টারপ্ল্যান প্রকল্পের প্রাথমিক প্রতিবেদন উপস্থাপনা, প্রকল্পের সামগ্রিক বিষয়ের মতবিনিময় সভা এবং TMC |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বাস্তবায়নকাল | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | মুল কার্যক্রম | মন্তব্য/বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| | | | | | কমিটির মেম্বারদের সহিত মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।<br>• MASW, SPT Bonehole এবং PS Logging এর মাধ্যমে ভূতাত্ত্বিক ডাটা সংগ্রহের কাজ সম্পন্ন হয়েছে।<br>• datex-Triller-EGS JV পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক চউক এর আওতাভূক্ত এলাকায় UAV/ড্রোন সার্ভের কার্যক্রম চলমান রয়েছে।<br>• প্রকল্পের ট্রান্সপোর্টেশন এবং এনভাইরনমেন্ট সার্ভে কাজ সম্পন্ন করার নিমিত্ত ইতোমধ্যে সার্ভে লোকেশন নির্ধারণ পূর্বক নগরীর বিভিন্ন পয়েন্টে সার্ভের কাজ চলমান রয়েছে।<br>• ২০২২-২৩ অর্থবছরের প্রথম কিস্তি অবমুক্তিকরণের জন্য ইতোমধ্যে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।<br>• **প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১০.১৮% ও ভৌত অগ্রগতি ২০%।** |
| **নিজস্ব অর্থায়নে চলমান প্রকল্পসমূহ:** | | | | | |
| ৮ | কন্সট্রাকশন অব সিডিএ স্কয়ার এট নাসিরাবাদ, চট্টগ্রাম | জানু,২০১২ হতে জুন, ২০২৩ | ১৬৭৪৮.০১ | চট্টগ্রাম সিটি কর্পোরশনের অন্তর্গত বায়েজিদ থানাধীন নাসিরাবাদ এলাকায় প্রায় ৬২ কাঠা জমির উপরে তিনটি ভবনে ১৮৪ টি গাড়ি পার্কিং এবং আনুষাঙ্গিক সুবিধাদিসহ ১৬৫টি ফ্ল্যাট নির্মাণ। | • আলোচ্য প্রকল্পের আওতায় নির্মিতব্য ০৩ (তিন) টি ভবনের সবগুলো ফ্লোরের ছাদ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং বর্তমানে ভবনের অভ্যন্তরীণ কাজসমূহ চলমান রয়েছে। প্রকল্পের আওতায় নির্মিতব্য ১৬৫ টি ফ্ল্যাটের মধ্যে ১৫৪টি ফ্ল্যাট ইতোমধ্যে বরাদ্দ প্রদান করা হয়েছে এবং অবশিষ্ট ১১টি ফ্ল্যাট বরাদ্দের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।<br>• **প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৩৮.৮৪% ভৌত অগ্রগতি ৬৯%।।** |
| ৯ | কনস্ট্রাকশন অফ ১০ স্টোরিড এ্যাপার্টমেন্ট কমপ্লেক্স এট দেওয়ানহাট, চট্টগ্রাম | মে,২০১৩ হতে ডিসেম্বর, ২০২২ | ২৬০২.০৮ | চট্টগ্রাম নগরীর দেওয়ানহাট এলাকায় আলোচ্য প্রকল্পের আওতায় ১২ তলা বিশিষ্ট ০১ টি ভবনে মোট ৫০ টি ফ্ল্যাট নির্মাণ। | • প্রকল্পের আওতায় ১০ তলা ভবনের পাইলিং,বেইজমেন্ট ও সকল ফ্লোরের ছাদ ঢালাই কাজ সম্পন্ন হয়েছে। ভবনের অভ্যন্তরীণ কাজসমূহ চলমান রয়েছে। প্রকল্পের আওতায় নির্মিতব্য ৪৫টি ফ্ল্যাটের মধ্যে ৩টি ফ্ল্যাট ইতোমধ্যে বরাদ্দ প্রদান করা হয়েছে এবং অবশিষ্ট ৪২টি ফ্ল্যাট বরাদ্দের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।<br>• **প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৪৭.৮০% ভৌত অগ্রগতি ৯২%।।**<br>• |
| ১০ | অনন্যা আবাসিক এলাকার উন্নয়ন (২য় পর্যায়) | জানুয়ারী ২০১৭ হতে ডিসেম্বর ২০২১ | ২৮৩২৯৭.৭৪ | পরিকল্পিত আবাসিক এলাকার উন্নয়নের মাধ্যমে চট্টগ্রাম নগরীর ক্রমবর্ধমান আবাসনের চাহিদা ও অভাব পূরণের লক্ষ্যে ৪১৮.৭৩ একর জমিতে ২৮২৫ টি আবাসিক প্লট এবং ১১০ টি বাণিজ্যিক প্লট নির্মাণ। | • চট্টগ্রাম শহরের ক্রমবর্ধমান জনসংখ্যার পরিকল্পিত আবাসনের চাহিদা পূরণের জন্য চউক কর্তৃক অনন্যা আবাসিক এলাকার উন্নয়ন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পটি গ্রহন করা হয়, যা বিগত ৩১.০১.২০১৭ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয়। তদানুযায়ী গত ১২/০৭/২০১৭ তারিখে প্রস্তাবিত ভূমির সরজমিনে সম্ভাব্যতা যাচাই সমাপ্তান্তে ০৩/০৮/২০১৭ তারিখে অনুষ্ঠিত জেলা ভূমি বরাদ্দ কমিটির সভায় অনন্যা আবাসিক এলাকার উন্নয়ন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নের জন্য হাটহাজারী উপজেলার |

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বাস্তবায়নকাল | প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়) | মূল কার্যক্রম | মন্তব্য/বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| | | | | | বাথুয়া,কুয়াইশ,বুড়িশ্চর ও শিকারপুর মৌজার ৩৭০.০২ একর (কম/বেশী) জমি অধিগ্রহণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদন লাভ করে। পরবর্তীতে উক্ত অধিগ্রহনের বিপরীতে গত ২১/০৯/২০১৭ তারিখে এল, এ মামলা নং ১০/২০১৭-২০১৮ রুজু হয় এবং ২১/০৯/২০১৭ তারিখে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর গেজেট প্রকাশিত হয়। প্রকাশিত গেজেটে ভূমি ক্ষতিপূরণ ১.৫ গুণ হতে বৃদ্ধি করে ৩ গুন করা হয়। ফলে জমি অধিগ্রহনে জটিলতার সৃষ্টি হয়। প্রকল্পের কাজ স্থবির হয়ে পড়ে।<br>● আলোচ্য প্রকল্পের উপর গত ১৫/০৬/২০২১ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত PSC সভায় প্রকল্পটির সম্ভাব্যতা যাচাইপূর্বক আয়-ব্যয় বিশ্লেষণ করে মতামতসহ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত মতে পরামর্শক নিয়োগ করে প্রকল্পের সম্ভাব্যতা যাচাইয়ের কাজ করা হচ্ছে। পরামর্শক কর্তৃক খসড়া সম্ভাব্যতা রির্পোট দাখিল করা হয়েছে, যা পরীক্ষা-নিরীক্ষান্তে চূড়ান্ত করার পর্যায়ে রয়েছে।<br>● **প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ০.১৫%।** |

**৯. প্রণীত/প্রণয়নাধীন আইন/বিধিমালা/নীতিমালা সংক্রান্ত তথ্য:**

**১০. প্রশাসনিক কার্যক্রম:**

১. নাগরিক সেবা সহজিকরণের লক্ষ্যে চউক এর কল সেন্টার উদ্বোধন।
২. দাপ্তরিক কার্যক্রম সুচারুরুপে সম্পন্ন করার লক্ষ্যে ই-নথির ব্যবহার বৃদ্ধি।
৩. চউক এর কর্মকর্তা/ কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ্ আয়োজন।

**১১. প্রাসজ্ঞিক ছবি;**




চিত্র: এলিভেটেড এক্সপ্রেসওয়ে প্রকল্প (চলমান প্রকল্প)






চিত্র: জলাবদ্ধতা নিরসন প্রকল্প (চলমান প্রকল্প)




চিত্র: কর্ণফুলী নদীর তীর বরাবর কালুরঘাট সেতু হতে চাক্তাই খাল নির্মাণ প্রকল্প (চলমান প্রকল্প)

চিত্র: লুপ রোড (চলমান প্রকল্প)






চিত্রঃ স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষ্যে উন্নয়ন মেলায় চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের অংশগ্রহণ





চিত্রঃ চট্টগ্রামের পতেঙ্গা সী-বীচে (সিডিএ) আয়োজিত সিটি আউটার রিং রোডে সাইকেল লেইন এর উদ্বোধনী অনুষ্ঠান




চিত্রঃ চউক চেয়ারম্যান মহোদয়ের প্রকল্প পরিদর্শন




চিত্রঃ চউক কল সেন্টার -১৬১১২ এর শুভ উদ্বোধন




চিত্রঃ চীনা প্রতিনিধিদের সাথে স্মার্ট সিটি গঠন বিষয়ক বৈঠক






চিত্রঃ চউক চেয়ারম্যান মহোদয়ের সাথে বেলজিয়াম প্রতিনিধিগণের বৈঠক






চিত্র: চউক চেয়ারম্যান মহোদয়ের শুদ্ধাচার পুরষ্কার গ্রহণ






চিত্র: চউক কর্মকর্তা/ কর্মচারীগণের কম্পিউটার বিষয়ক প্রশিক্ষণ কোর্স আয়োজন






চিত্র: রাজশাহী সিটি কর্পোরেশন মেয়র মহোদয়ের চউক পরিদর্শন






চিত্র: সোনালী ব্যাংক এর সহিত অনলাইন পেমেন্ট সংক্রান্ত চুক্তি স্বাক্ষর




চিত্র: বিডা এর সহিত চউক এর চুক্তি স্বাক্ষর










চিত্র: প্রিপারেশন অফ চট্টগ্রাম মেট্রোপলিটন মাষ্টার প্ল্যান (চলমান প্রকল্প)

**১২. বিবিধ:**